দৈনিক বাংলা

তারিখ ...05 JUL 1987... ...
পৃষ্ঠা... .. ....1 কলাম 2— ...

# বেসরকারী প্রতিষ্ঠানে ছাত্র বেতন না বাড়ানোর নির্দেশ

শিক্ষা মন্ত্রণালয় সরকারের পূর্বানুমতি ছাড়া ছাত্র বেতন ও অন্যান্য সংশ্লিষ্ট ফি না বাড়ানোর জন্য সরকারী অনুদান গ্রহণকারী বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসাগুলোকে নির্দেশ দিয়েছে। ১৯৮৭ সালের ১লা জুলাই থেকে এই নির্দেশ কার্যকর হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে কোন কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান তাদের প্রচলিত ছাত্র বেতন ও আনুষঙ্গিক ফি ১ জুলাই, ৮৭ হতে বৃদ্ধি করেছে। এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে ইতিমধ্যেই বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের অনুদানের পরিমাণ সরকার বৃদ্ধি করেছেন। তদুপরি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বেতন ও আনুষঙ্গিক ফি পূর্ব হতে সরকারী প্রতিষ্ঠানের চেয়ে অনেক বেশি।

এমতাবস্থায় সরকারী অনুদান প্রাপ্ত সকল বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসাকে নির্দেশ প্রদান করা হয়েছে যে তারা সরকারের পূর্ব অনুমতি ব্যতিরেকে ছাত্র বেতন ও আনুষঙ্গিক ফি বৃদ্ধি করতে পারবেন না। খবর তথ্য বিবরণীর।